প্রায় ২ দশক আগে আমরা কালুরঘাটে ওয়েস্ট ওয়াটার ড্রিটমেন্ট প্ল্যান্ট বসিয়েছিলাম। বাংলাদেশের শিল্প খাতে এর আগে কোনও প্রতিষ্ঠান পানি সংরক্ষণের জন্য এ ধরনের উদ্যোগ সেই সময় নেয়নি। এরপর থেকে আমরা পানির পুনঃচক্রায়ণ প্রক্রিয়ার উৎকর্ষ সাধন করার জন্য প্রযুক্তিগত উন্নয়ন করেছি এবং এ বিষয়টি নিয়ে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। গত ২ বছরে আমরা ২৭ কোটি ৪০ লাখ টাকা বিনিয়োগ করে পানি পরিশোধনাগার বা অ্যাক্লুয়েন্ট ড্রিটমেন্ট প্ল্যান্টকে (ইটিপি) বায়োলজিক্যাল থেকে বায়োকেমিক্যাল প্রসেসিং ক্ষমতাসম্পন্ন করে এ প্রক্রিয়ার উপযোগিতা বাড়িয়েছি। এই বিনিয়োগের ফলে আমরা তরল বর্জ্যকে ৭৮ শতাংশ বেশি উপযোগিতার সঙ্গে প্রক্রিয়াজাত করতে পারছি এবং ফলাফল হিসেবে প্রতিদিন আমাদের ৫৭ গিগাজুল (১৫ মেগাওয়াট-ঘণ্টা) বিদ্যুতের সাশ্রয় হচ্ছে। ২০২০ সাল থেকে শুরু করে এ পর্যন্ত আমরা প্রায় ১৯ কোটি ৯০ লাখ লিটার পানির সাশ্রয় করেছি। এ সাশ্রয় সম্ভব হয়েছে আমাদের উৎপাদন প্রক্রিয়ার কারণে। আমরা এখন জিরো লিকুইড ডিসচার্জ প্রযুক্তি নিয়ে কাজ করছি, যেটি বাস্তবায়ন হলে পানির পুনঃচক্রায়ণ আরও বাড়বে এবং সার্বিক ভাবে পানির ব্যবহার আরও ২০ শতাংশ কমবে।



২৭ কোটি ৪০ লাখ টাকা
কালুরঘাট কারখানায় ইটিপির উন্নয়নে
২০২০ সাল থেকে এখন পর্যন্ত মোট বিনিয়োগ

৭৮%
উপযোগিতা বৃদ্ধি

২০২০ সাল থেকে
১৯ কোটি ৯০ লাখ লিটার
পানি উৎপাদন প্রক্রিয়া থেকে পুনঃচক্রায়ণ

২০১৫ সাল থেকে
৬৪ কোটি ৮০ লাখ লিটার
পানি উৎপাদন প্রক্রিয়া থেকে পুনঃচক্রায়ণ

ইটিপি থেকে প্রক্রিয়াজাতকরণের পর বের হয়ে আসা পানিকে আমরা একই সঙ্গে রিভার্স অসমসিস প্রক্রিয়ার মধ্য দিয়ে নিয়ে যাই, যার ফলে কালুরঘাট কারখানায় প্রায় ৩৬ শতাংশ ডিসচার্জড পানিকে পুনঃচক্রায়ণ করা যায়। এ সকল প্রক্রিয়ার পাশাপাশি বৃষ্টির পানি সংরক্ষণ প্রক্রিয়ার মাধ্যমে আমরা উৎপাদনের কাজের জন্য প্রয়োজনীয় পানির ৬ শতাংশ পেয়ে থাকি। ভৌগোলিক কারণে বাংলাদেশে বর্ষাকালে প্রবল বৃষ্টিপাত খুবই সাধারণ ঘটনা। একে আমরা আরও একটি সুযোগ হিসেবে বিবেচনা করি এবং বৃষ্টির পানি জমিয়ে রাখি। পরবর্তীতে সংরক্ষিত পানিকে প্রয়োজন অনুযায়ী ব্যবহার করি। বর্ষাকালে কারখানার ভেতরে অবস্থিত ৫৫ হাজার বর্গফুট আয়তনের একটি সুনির্দিষ্ট স্থানে আমরা বৃষ্টির পানি সংগ্রহ ও সংরক্ষণ করি। বেশ কয়েক দফা বিশুদ্ধিকরণ প্রক্রিয়ার পর, বৃষ্টির পানি দিয়েই আমরা ৪০ দিনের কারখানার কার্যক্রম (মোট ব্যবহারের ১২ শতাংশ) পরিচালনা করতে পারি। ২০২০ থেকে শুরু করে কালুরঘাট কারখানা সহ আমাদের উৎপাদনকেন্দ্রগুলোতে সার্বিক ভাবে পানির ব্যবহার ৪১ কোটি ২০ লাখ লিটার কমেছে। জিরো লিকুইড ডিসচার্জ প্রযুক্তি চালু হলে পানির ব্যবহার আরও ২০ শতাংশ কমবে বলে আমরা আশা করছি।

সাপ্লাই চেইনের সামাজিক ও পরিবেশগত মানদণ্ডের উন্নয়নে ইউনিলিভার কাঁচামাল সরবরাহকারীদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করছে। বাংলাদেশে তৈরি হয় এরকম কিছু পণ্যের কাঁচামাল হিসেবে পাম ওয়েলের ব্যবহার প্রচলিত আছে। পাম ওয়েলের একটি বড় ক্রেতা হিসেবে আমরা বন উজাড় কমানো, পুরো প্রক্রিয়ার স্বচ্ছতা বাড়ানো এবং কৃষকদের সাহায্য ও তাদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছি। আমরা পাম ওয়েলের জন্য টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে সমগ্র শিল্প খাতে পরিবর্তন আনার জন্য অগ্রগামী ভূমিকা পালন করে আসছি। ২০২১ এ আমরা টেকসই উৎস থেকে পাওয়া পাম তেলের পরিমাণ ৯ শতাংশ বাড়িয়েছি। আমরা গর্বের সঙ্গে বলতে পারি, আমাদের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত পাম তেলের ১০০ শতাংশই টেকসই উৎস থেকে সংগৃহীত।

“

আমরা টেকসই উৎস থেকে কাঁচামাল সংগ্রহ সংক্রান্ত নীতিমালা মেনে চলি এবং এমন বিক্রেতা বা সরবরাহকারীর কাছ থেকে পাম তেল সংগ্রহ করতে আমাদের অনেক বাড়তি খরচ বহন করতে হয়। যেহেতু আমরা ভবিষ্যতের জীবন রক্ষায় বিনিয়োগ করতে বিশ্বাসী, সেহেতু আমরা সঠিক সিদ্ধান্তই নিয়েছি। মার্কেট লিডার হিসেবে আমাদের দায়িত্ব পরিবেশ সংরক্ষণে এমন কিছু টেকসই অভ্যাসের চালনা করা যা শুধু আমাদের কার্যক্রমের ক্ষেত্রে নয়, বরং সার্বিকভাবে পরিবেশের সংরক্ষণ করে।

আফজাল হাসান খান

পরিচালক-বিউটি অ্যান্ড পার্সোনাল কেয়ার
ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড

২০২১ সালের বিশ্ব পরিবেশ দিবসে আমাদের উদ্দেশ্যমূলক ব্র্যান্ড সার্বিক এক্সেল ফুটস্টেপ এর সাথে অংশীদারি গঠনের মাধ্যমে তাদের “ডার্ট ইজ গুড”- দাগ একটু লাগুক, তবু পরিবেশটা বাঁচুক ক্যাম্পেইনটি ত্বরান্বিত করে। এই ক্যাম্পেইনের আদর্শ হলো- “পরিবেশ বাঁচাতে অল্প কিছু দাগ লাগলে ক্ষতি কি”। এই অভিনব ক্যাম্পেইনের মাধ্যমে আমরা শিক্ষার্থীদের জন্য উপযোগী পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত সচেতনতামূলক বার্তা নিয়ে যাই এবং কীভাবে পরিবেশ রক্ষায় সাহায্যকারী ছোট ছোট ভালো অভ্যাস তৈরি করা, যেমন বৃক্ষরোপণ- তা তাদের মাঝে ছড়িয়ে দেওয়া হয়। সার্বিক এক্সেল ও ফুটস্টেপ একে অন্যের সহযোগিতায় সকল অংশগ্রহনকারীদের কাছে গাছ, গাছ লাগানোর পাত্র, মাটিসহ গাছ লাগানোর নির্দেশিকা আগে থেকেই পৌঁছে দেয়। অনুষ্ঠানের দিন, শিশুরা নির্দেশিকা অনুসরণ করে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহন করে। ক্যাম্পেইনটি শিক্ষার্থীদের মধ্যে জনপ্রিয় হয়ে ওঠে এবং ৪০টিরও বেশি মিডিয়া চ্যানেল ও সংবাদপত্র তা প্রচার করে, এবং তা ডিজিটাল প্রক্রিয়ায় ২.৫ মিলিয়ন মানুষের কাছে পৌঁছায়, যেন তা আগামী প্রজন্মকে পরিবেশ সুরক্ষা ও পরিবেশ পুনরুজ্জীবিত করতে অন্তত একটি হলেও ইতিবাচক পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করতে পারে।



২০২০ থেকে

আমাদের উৎপাদনকেন্দ্রগুলোতে

৪১ কোটি ২০ লাখ লিটার

পানির ব্যবহার কমেছে

১৬ কোটি ৫০ লাখ

মানুষের এক দিনের পানির

চাহিদা মেটানোর সমতুল্য

২০১০ থেকে

আমাদের উৎপাদনকেন্দ্রগুলোতে

২১৭ কোটি ৪০ লাখ লিটার

পানির ব্যবহার কমেছে

৮৭ কোটি

মানুষের এক দিনের পানির

চাহিদা মেটানোর সমতুল্য

বর্জ্য কমানো

আমরা একটি বর্জ্যমুক্ত বিশ্বের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ এবং এর অংশ হিসেবে আমরা ২০১৪ সাল থেকে জিরো-ল্যান্ডফিল ওয়েস্ট অপারেশন চালিয়ে এসেছি। এর অর্থ হচ্ছে আমাদের কারখানাগুলো থেকে নিঃসৃত বর্জ্য কোনো ধরনের ময়লার ভাগাড়ে নিষ্ক্ষেপ করা হয় না। আমরা আমাদের অংশীদারদের সঙ্গে এ বিষয়ে সমঝোতা করে নিয়েছি, যেন আমাদের উৎপাদন প্রক্রিয়া থেকে কোনো ধরনের কঠিন বা তরল বর্জ্য ময়লার ভাগাড়ে না পৌঁছায়। এখন ইউনিলিভারের যেকোনো উৎপাদন প্রক্রিয়া থেকে তৈরি বর্জ্যকে পুনঃচক্রায়ণ করার সুনির্দিষ্ট প্রক্রিয়া চালু আছে। আমরা গর্বের সঙ্গে বলতে পারি, ইউনিলিভার হলো বাংলাদেশের হাতে গোনা কয়েকটি প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম, যারা প্লাস্টিক সহ সব ধরনের বর্জ্য পদার্থকে জ্বালানী রূপান্তরের জন্য জিওসাইকেল বাংলাদেশের কাছে পাঠায়। গত ২ বছরে আমরা আমাদের কালুরঘাট কারখানা থেকে ৭৮০ টন বর্জ্য উপকরণ লাফার্জহোলসিমের জিওসাইকেলে পাঠিয়েছি।

যদিও পণ্যের উপযোগী ও নিরাপদ বিতরণের ক্ষেত্রে প্লাস্টিকের ভূমিকা অবিচ্ছেদ্য, তবুও, এ উপকরণ যখন পরিবেশে থেকে যায়, তখন তা একটি বড় আকারের সমস্যার জন্ম দেয়। প্লাস্টিক বর্জ্যের ক্ষেত্রে ইউনিলিভার একটি সমাধান ভিত্তিক উদ্যোগ নিতে চায়। আমাদের প্যাকেজিং থেকে প্লাস্টিকের পরিমাণ কমাতে আমরা একটি সহজ কৌশল অনুসরণ করি, যেটি হচ্ছে 'নো প্লাস্টিক। লেস প্লাস্টিক। বেটার প্লাস্টিক।' প্লাস্টিক নিয়ে আমাদের লক্ষ্য অর্জনে আমরা আমাদের প্যাকেজিংকে নতুন করে সাজাচ্ছি এবং টেকসই ব্যবহারকে উৎসাহিত করার জন্য রিফিল প্যাক চালু করেছি। আমাদের ব্যবহৃত প্যাকেজিং সামগ্রীর ৭৫ শতাংশকে পুনঃচক্রায়ণ করার কারিগরি সক্ষমতা এই মুহুর্তে প্রমাণিত। ২০২১ এ আমরা প্লাস্টিকের পরিমাণ ২৫০ টন কমানোর জন্য আমাদের প্যাকেজিং প্রক্রিয়াকে ঢেলে সাজিয়েছি।

শূন্য-বর্জ্য মানসিকতা বজায় রাখার অর্থ হলো, যে কোনো বর্জ্য পদার্থকে পুনরায় ব্যবহারযোগ্য সম্পদ হিসেবে বিবেচনা করা। যেসব ক্ষেত্রে আমরা বর্জ্য নিঃসরণ ঠেকাতে পারছি না, সেসব ক্ষেত্রে আমরা সেগুলোর পুনঃচক্রায়ণের পথে খুঁজে নেয়ার ঐকান্তিক প্রচেষ্টা চালাচ্ছি। যদি

একেবারেই সেরকম কোনো উপায় খুঁজে পাওয়া না যায়, তাহলে আমরা চেষ্টা করি কীভাবে সেই বর্জ্য থেকে জ্বালানী উৎপাদন করা যায়। কাঁচামাল ও পণ্যের প্রবাহের সেরা উপায় খুঁজে আমরা আমাদের 'সার্কুলার ইকোনমি' প্রক্রিয়ার মাধ্যমে কারখানার পরিচালনা প্রক্রিয়ার উন্নয়ন সাধন করি এবং পরিবেশের ওপর নেতিবাচক প্রভাবকে কমিয়ে আনি। ফলে ইউবিএলের ব্যবহৃত প্লাস্টিকের ৬৫ শতাংশই পুনঃচক্রায়ণযোগ্য। আমাদের লক্ষ্য ২০২২ সালের মাঝে এ সংখ্যাকে ৮০ শতাংশে এবং ২০২৫ এর মাঝে ১০০ শতাংশে নিয়ে যাওয়া।

তবে একই সঙ্গে আমরা এটাও অনুধাবন করি, প্লাস্টিক বর্জ্যের দূষণ অনেক বড় একটি সমস্যা এবং একা আমাদের পক্ষে এর সমাধান করা প্রায় অসম্ভব। তাই আমরা নিয়মতান্ত্রিক ভাবে প্লাস্টিক বর্জ্যের ব্যবস্থাপনা করার জন্য একটি চক্রাকার প্রক্রিয়া ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতিমালা ও অবকাঠামো তৈরির জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। প্লাস্টিক দূষণের মাত্রা নিয়ন্ত্রণে ব্যর্থতা একটি পরিবেশগত দুর্যোগ ডেকে আনবে। আমাদেরকে একটি টেকসই সমাধান খুঁজে পেতে হবে, যার মাধ্যমে প্লাস্টিককে অর্থনৈতিক কর্মকাণ্ডের মাঝেই চক্রাকারে ব্যবহার করতে হবে- কোনও অবস্থাতেই যেন প্লাস্টিক পরিবেশে থেকে না যায়, তা নিশ্চিত করতে হবে। ২০২১ এ আমাদের অংশীদারদের সঙ্গে পারস্পরিক সহায়তার ভিত্তিতে আমরা নারায়ণগঞ্জ ও ঢাকায় ২টি প্লাস্টিক বর্জ্য সংগ্রহ উদ্যোগ চালু করি। নারায়ণগঞ্জের প্লাস্টিক সংগ্রহ উদ্যোগ বাংলাদেশের যে কোনো পৌরসভার সমর্থনপুষ্ট বৃহত্তম প্লাস্টিক বর্জ্য সংগ্রহ কার্যক্রম হিসেবে বিবেচিত। এই ২টি উদ্যোগের আওতায় পরীক্ষামূলকভাবে ৪টি ভিন্ন বর্জ্য সংগ্রহ প্রক্রিয়া পরিচালনা করা হচ্ছে। আমরা এমন একটি বর্জ্য সংগ্রহ মডেল তৈরি করতে চাই, যেটি অন্য সব শহরের জন্য দৃষ্টান্ত হিসেবে প্রতিষ্ঠিত হবে। ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন থেকে প্লাস্টিক সংগ্রহের একটি বিকল্প ও প্রযুক্তি-ভিত্তিক মডেল অন্বেষণের প্রচেষ্টা হিসেবে আমরা একটি স্টার্টআপের সাথে অংশীদারিত্ব তৈরি করেছি।



প্রকল্পের কার্যকারিতা

প্রায় ২০ লাখ মানুষ নারায়ণগঞ্জ শহরে বসবাস করেন। এটি শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত একটি শিল্প ও বাণিজ্যিক কেন্দ্র। তবে শীতলক্ষ্যা ও অন্যান্য পানির উৎসে প্লাস্টিকের বর্জ্য, বিশেষ করে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের বর্জ্য নিষ্কাশনের কারণে উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই প্লাস্টিক বর্জ্য ও প্যাকেজিং এর কারণে প্রায়ই জলাবদ্ধতার সৃষ্টি হয়। ফলে বর্ষা মৌসুমে পুরো শহরে পানি জমে বিপর্যয় দেখা দেয়। বিশ্ব ব্যাংকের দেওয়া তথ্য অনুযায়ী, বাংলাদেশী ভোক্তারা ব্যবহার শেষে ৬৪ শতাংশ প্লাস্টিকের পণ্য ভুল প্রক্রিয়ায় ফেলে দেন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে (এনসিসি) প্লাস্টিক বর্জ্যের ব্যবস্থাপনায় সহায়তা করা এবং প্লাস্টিক সংগ্রহ নিয়ে আমাদের অঙ্গীকার রক্ষার পথে অগ্রসর হওয়ার জন্য আমরা জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে একটি ৩ বছর ব্যাপী বর্জ্য সংগ্রহ প্রকল্প চালু করেছি। এ প্রকল্পের নাম 'প্লাস্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট: বিল্ডিং সার্কুলার সিটিজ'। এর মাধ্যমে আমরা একটি সার্কুলার ইকোনমি মডেল তৈরি করবো। এই মডেলের মাধ্যমে প্লাস্টিক বর্জ্য, বিশেষ করে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক (এসইউপি) এবং ফ্লেক্সিবল প্যাকেজিং এর ব্যবস্থাপনা করা হবে। এনসিসিতে ব্যবহৃত প্লাস্টিকের ৪০ থেকে ৫০ শতাংশই এসইউপি এবং এটাই এনসিসিতে বর্জ্য সমস্যার মূল কারণ। তবে দুর্ভাগ্যজনকভাবে, এ মুহুর্তে খুবই ন্যূনতম পরিমাণ এসইউপি পুনরায় সংগ্রহ ও পুনঃচক্রায়ণ করা হয়।



৪ লাখ ৪৪ হাজার

বাসা এই প্রকল্পের আওতায়

৩টি

সংগ্রহ চ্যানেল

১ম

বাংলাদেশের কোনো সিটি কর্পোরেশনের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে প্লাস্টিক সংগ্রহ প্রকল্প

এনসিসির

২৭ ওয়ার্ডে

প্রকল্প কার্যকর

পরিবেশ থেকে

মোট ১৭ টন

প্লাস্টিক সংগৃহীত

এ প্রকল্পে এক ধরনের ব্যবসায়িক মডেল নির্ধারণের প্রস্তাব দেওয়া হয়েছে, যেটি প্লাস্টিক বর্জ্যের ভ্যালু চেইনের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিটি সদস্যের জন্য গুরুত্বপূর্ণ ও অর্থবহ হবে। এ প্রকল্পের বাস্তবায়নকারী অংশীদার হলো ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও), এবং আনিস্টি এন্ড ইয়াং (ইওয়াই) কাজ করছে প্লাস্টিক বর্জ্যের ব্যবস্থাপনা নিয়ে জনসচেতনতা তৈরির বিষয়ে। ২০২১ সালে এ উদ্যোগ শুরুর পর বর্তমানে এনসিসির ২৭টি ওয়ার্ডের সবগুলো থেকেই প্লাস্টিক বর্জ্য সংগ্রহ করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে আমরা ইতোমধ্যে এনসিসির ১ হাজার ২০০ পরিচ্ছন্নতা কর্মীর সঙ্গে কাজ করেছি। এদের মধ্যে ১১৩ জন বর্জ্য সংগ্রহকারী কর্মীকে প্লাস্টিক সংগ্রহের সময় তাদের ধরণ অনুযায়ী আলাদা করার জন্য বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০২১ এর ৩১ ডিসেম্বর পর্যন্ত আমরা বাসস্থান ও খোলা জায়গা থেকে ১৭ টন ফ্লেক্সিবল প্লাস্টিক সংগ্রহ করেছি।

২০২১ সালে আমরা এনসিসির বিভিন্ন এলাকা থেকে প্লাস্টিক সংগ্রহের জন্য ৩টি ভিন্ন মডেল প্রয়োগ করেছি। প্রথম মডেলের নাম 'বর্জ্য সংগ্রহকারী মডেল'। এই মডেলের আওতায় আবর্জনা পরিষ্কার সেবাদাতা প্রতিষ্ঠানের (সিএসও) পক্ষে কাজ করে এরকম কর্মীরা পৃথক ভাবে এনসিসির আওতাধীন এলাকার বাড়িঘর থেকে প্লাস্টিক বর্জ্য সংগ্রহ করে। আমরা সিএসওদের সঙ্গে অংশীদারিত্বের উদ্যোগ নিয়েছি, যাতে প্লাস্টিক সংগ্রহ করে সেগুলোর শ্রেণীবিভাজন করে পুনঃচক্রায়ণ করা যায়। যেহেতু এসইউপি ও ফ্লেক্সিবল প্যাকেজিং এর কোনও আর্থিক মূল্য নেই, আমরা এগুলো সংগ্রহ করার জন্য বর্জ্য সংগ্রাহকদের আর্থিক প্রণোদনা দিচ্ছি। প্রতিটি বর্জ্য সংগ্রাহককে বিভিন্ন ধরনের প্লাস্টিক চিহ্নিত করার জন্য প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়াও কীভাবে নিরাপদে বর্জ্যের ব্যবস্থাপনা করা যায়, আর্থিক বিষয় সম্পর্কে প্রাথমিক জ্ঞান, সুস্বাস্থ্য বজায় রাখার জন্য প্রয়োজনীয় অভ্যাসের পরিবর্তন, ইত্যাদি বিষয়েও তাদেরকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এই মডেলের প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য প্রতিটি সিএসও প্রতিষ্ঠান প্রতি কেজি প্লাস্টিক বর্জ্য সংগ্রহ ও শ্রেণীবিভাজনের জন্য একটি নির্দিষ্ট হারে আর্থিক প্রণোদনা পেয়ে থাকেন। এই মডেলটি বাসাবাড়ি থেকে বিভিন্ন মানের শ্রেণীবিভাজিত প্লাস্টিক বর্জ্য সংগ্রহের পরিমাণ বাড়তে উল্লেখযোগ্য অবদান রাখছে। এনসিসি, সমাজের মানুষ, সিএসও এবং বর্জ্য সংগ্রহকারীরা সম্মিলিতভাবে এ উদ্যোগ থেকে সন্তোষজনক ফলাফল এনে দিচ্ছেন।

দ্বিতীয় মডেলের নাম 'পরিচ্ছন্নতা কর্মী মডেল'। রাস্তাঘাট পরিষ্কার রাখার কাজে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীদের নিয়োগ দেয় এনসিসি। পরিচ্ছন্নতা কর্মীদের মাধ্যমে এনসিসির সড়ক ও নদমাগুলো থেকে পলিথিনের ব্যাগ ও এসইউপি সংগ্রহ করা হয়। তাদের সংগ্রহ করা প্লাস্টিক বর্জ্য আমরা একটি সুনির্দিষ্ট জায়গায় জড়ো করি, যেখান থেকে বিভিন্ন ধরনের প্লাস্টিককে আলাদা করে পুনঃচক্রায়ণকারী অংশীদার বা ক্রেতাদের কাছে পাঠানোর জন্য প্রস্তুত করা হয়। প্লাস্টিক সংগ্রহে উৎসাহী করে তোলার জন্য আমরা প্রতিটি পরিচ্ছন্নতা কর্মীকে সংগৃহীত প্লাস্টিকের পরিমাণ অনুযায়ী আর্থিক প্রণোদনা দিয়ে থাকি।

তৃতীয় মডেলের নাম 'ফেরিওয়াল মডেল'। এর আওতায় আমরা ফেরিওয়ালাদের সঙ্গে কাজ করছি, যারা বাসা, ময়লার ভাগাড় ও অন্যান্য উৎস থেকে বিভিন্ন ধরনের পুনঃচক্রায়ণযোগ্য উপকরণ সংগ্রহ করে থাকে। আমরা তাদেরকে এসইউপি ও মাল্টিলেয়ার প্লাস্টিক (এমএলপি) সংগ্রহ ও পৃথকীকরণ করতে উদ্বুদ্ধ করছি। তাদের কাছ থেকে আমরা এসব উপকরণ কিনে নিয়ে পুনঃচক্রায়ণের জন্য পাঠাতে পারি।

প্রতিটি মডেল থেকে গুরুত্বপূর্ণ ফলাফল পাওয়া গেছে এবং স্থানীয় পর্যায়ে প্লাস্টিক সংগ্রহের ব্যাপারে হাতেকলমে জ্ঞান সংগ্রহ করা সম্ভব হয়েছে। মার্টপার্বায়ের শিক্ষা ও ফলাফলের ওপর ভিত্তি করে উদ্যোগগুলোকে প্রয়োজন অনুযায়ী চেলে সাজানোর জন্য শুরু থেকেই এ প্রকল্পকে নিবিড়

পর্যবেক্ষণে রাখা হয়েছে। যেহেতু ইউনিলিভার স্থানীয় পর্যায়ে সমাধান খুঁজে পেতে অঙ্গীকারবদ্ধ, আমরা এনসিসি, ইউএনডিপি, ইএসডিও এবং সমাজের মানুষদের সঙ্গে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করছি। আমরা আশা করি, এতে দীর্ঘ মেয়াদে নারায়ণগঞ্জে বর্জ্য সংগ্রহের উদ্যোগের ক্ষেত্রে একটি শক্ত ভিত তৈরি হবে।

“

সারা বিশ্বে প্লাস্টিক দূষণ এখন একটি আশংকাজনক পর্যায়ে পৌঁছে গেছে। প্লাস্টিকের ব্যবহার নিয়ে দ্বিতীয়বার ভাবতে হবে। অভ্যাস ও আচরণগত পরিবর্তন আনার জন্য এ ক্ষেত্রে আমাদেরকে একটি বড় আকারের প্রচারণা চালাতে হবে এবং প্লাস্টিক সংগ্রহ ও পুনঃচক্রায়ণ মাথায় রেখে টেকসই ব্যবসায়িক মডেল তৈরি করতে হবে। এর জন্য প্রয়োজন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মাঝে পারস্পরিক সহযোগিতা। নারায়ণগঞ্জে ইউনিলিভার, ইউএনডিপি, এনসিসি এবং অন্যান্য অংশীদাররা একটি টেকসই ব্যবসায়িক মডেল তৈরির জন্য কাজ করছে, যেটি নিশ্চিত করবে প্লাস্টিক বর্জ্য পরিবেশকে দূষিত করার পরিবর্তে আমাদের অর্থনীতিতেই থেকে যাবে। ইউনিলিভারের সঙ্গে আমাদের অংশীদারিত্ব প্লাস্টিক বর্জ্যের ব্যবস্থাপনা ও জনমানুষের অভ্যাস পরিবর্তনের মাধ্যমে কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে একটি টেকসই ব্যবসায়িক মডেল তৈরিতে সাহায্য করছে।

সুদিপ্ত মুখার্জি
আবাসিক প্রতিনিধি
ইউএনডিপি বাংলাদেশ

২০১৯ সালে থেকে বাংলাদেশে প্লাস্টিক বর্জ্য চ্যালেঞ্জ মোকাবেলায় ইউনিলিভার বহু-অংশীদারী পদ্ধতি গঠনের জন্য সরকারের বিভিন্ন উদ্যোগ সমর্থন করে আসছে। ইউনিলিভার পরিবেশ অধিদপ্তরের অধীনে প্লাস্টিক সংক্রান্ত প্রযুক্তিগত উপদেষ্টা কমিটির অংশ। ‘বাংলাদেশ ভিশন ২০৪১’ অনুযায়ী কার্বন নিঃসরণ কমাতে বাংলাদেশ সরকার পরিবেশগত শিল্প মান পরিবর্তন করেছে। এর ফলে বাংলাদেশী শিল্পগুলো তাদের সক্ষমতা উন্নয়ন ও ক্রমবর্ধমান পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষমতা তৈরি করতে পারছে।

পরিবর্তিত জলবায়ু ও পরিবেশ বিপর্যয়ের প্রভাব থেকে জনগণকে সুরক্ষা দিতে বাংলাদেশ সরকার কঠোর পরিশ্রম করে যাচ্ছে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তন আলোচনায় বাংলাদেশ একটি নেতৃত্বদানকারী অবদান রাখছে, এই সমস্যা মোকাবেলায় সবাইকে আরও একত্রিত ও নিবেদিতভাবে কাজ করার আহ্বান জানাচ্ছে। একটি টেকসই ভবিষ্যতের দিকে বাংলাদেশের যাত্রায় অংশ নিতে পেরে ইউনিলিভার গর্বিত এবং পরিবেশ সুরক্ষায় ও পৃথিবীর স্বাস্থ্য উন্নয়নে সরকারের নেয়া উদ্যোগগুলোকে আমরা সমর্থন করে যাব। আমরা বিশ্বাস করি আমাদের কাজ আমাদের গ্রাহকদের উৎসাহিত করবে এবং টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন ও পৃথিবীর স্বাস্থ্য উন্নয়নে অবদান রাখবে এমন সাহসী পদক্ষেপ নিতে আমাদের শিল্পখাতে কর্মরত সহকর্মীদের অনুপ্রাণিত করবে।



মানুষের স্বাস্থ্য, আত্মবিশ্বাস ও সুস্থতার উন্নয়ন

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) পূর্বাভাস অনুযায়ী, সাবান ও বিশুদ্ধ পানির মত নিত্য প্রয়োজনীয় উপকরণের ব্যবহারে সারা বিশ্বে কমপক্ষে ৯ শতাংশ অসুস্থতা এবং ৬ শতাংশ মৃত্যু প্রতিহত করা সম্ভব। বাংলাদেশের ক্ষেত্রেও বিষয়টি সমভাবে প্রযোজ্য। যদিও বাংলাদেশ শিশু মৃত্যু প্রতিরোধ ও মাতৃত্বকালীন স্বাস্থ্য সুরক্ষা দেওয়ার মত বিষয়গুলোর ক্ষেত্রে সফল মডেল হিসেবে বিবেচিত, তবুও প্রত্যন্ত গ্রামাঞ্চলে এখনও অনেক মানুষ স্বাস্থ্য-সুরক্ষার প্রাথমিক জ্ঞান থেকে বঞ্চিত। বাংলাদেশের ৯০ লাখেরও বেশি স্কুলগামী শিক্ষার্থীরা এখনও সহজলভ্য, উন্নত ও সুস্বাদু খাবার পায় না, তারা ঠিক মত বেড়ে ওঠতে পারে না এবং তাদের ওজন কম থাকে। দেশের ৯৯ শতাংশ মানুষের মানসিক সুস্থতার বিষয়ে কোনো সঠিক জ্ঞান বা সচেতনতা নেই। এই পরিস্থিতির উন্নয়নে আমাদেরকে সামষ্টিক উদ্যোগ হাতে নিতে হবে এবং নিশ্চিত করতে হবে যেন ২০৪১ সালের মাঝে দেশের ৭৫ শতাংশ জনগোষ্ঠী সার্বজনীন স্বাস্থ্যসেবার আওতায় চলে আসে।

1 NO
POVERTY



3 GOOD HEALTH
AND WELL BEING



6 CLEAN WATER
AND SANITATION



10 REDUCED
INEQUALITIES



15 LIFE
ON LAND



পাড়াবাড়ী উচ্চ বিদ্যালয়

১৪-রানীগঞ্জ, উপজেলা-ত্রিশাল, জেলা-ময়মনসিংহ।
স্থাপিত - ১৯৫২ খৃঃ

সংযোগিতায়:



লাইফবুয় ব্যাক-এর সাথে উদ্যোগে পালিত হচ্ছে

হাত ধোয়া দিবস

পাড়াবাড়ী উচ্চ বিদ্যালয়

সিংহ





৬৪টি
জেলায়

৫কোটি
মানুষের কাছে পৌঁছেছি

৭টি
ব্র্যান্ড

১৩টি
উদ্যোগ

দৃঢ় অবস্থান গ্রহণ

ইউনিলিভারে আমরা বিশ্বাস করি, একটি সমাজের সব সদস্য স্বাস্থ্যসেবার আওতায় থাকা উচিত। ঐতিহ্যগতভাবে ইউনিলিভার সব সময় ভোক্তাদের সুস্থ ও আত্মবিশ্বাসী থাকা নিশ্চিত করতে চেয়েছে। স্বাস্থ্য, আত্মবিশ্বাস ও সুস্থতার বিষয়ে আমাদের এই দৃষ্টিভঙ্গি ১৯২০ সাল থেকেই আমাদের সঙ্গী হয়ে আছে। সে বছর আমরা স্প্যানিশ ফ্লু মহামারির মোকাবিলায় হাত ধোয়ার প্রয়োজনীয়তা নিয়ে প্রচারণা শুরু করি। ২০২০ সালে যখন করোনাভাইরাস মহামারি ছড়াতে শুরু করে, তখনও আমরা দেশের সরকার সহ সব অংশীদারদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে বাংলাদেশের মানুষের স্বাস্থ্য, সুস্থতা ও আত্মবিশ্বাস অটুট রাখার জন্য নিরলসভাবে কাজ করেছি।

কোভিড-১৯ এর মোকাবিলায় সহায়ক কার্যক্রমের পাশাপাশি আমরা আমাদের চলমান প্রকল্পগুলোও অব্যাহত রেখেছি। ১৯৯০ সালের পর থেকেই আমরা শিশু ও তাদের মা-বাবাদের নিয়মিত হাত ধোয়া, দাঁত মাজা ও প্রাথমিক স্বাস্থ্য সুরক্ষা নীতি শেখানোর জন্য প্রচারণা চালিয়ে আসছি। মানুষের মাঝে এ ধরনের ইতিবাচক অভ্যাস আনার প্রয়াসের পাশাপাশি আমরা তাদের জন্য সুষ্ঠু স্যানিটেশন ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব তৈরি করেছি। আমাদের বিভিন্ন ব্র্যান্ডের প্রচারণা ও সেগুলোর সঙ্গে সংশ্লিষ্ট অনুষ্ঠানের মাধ্যমে আমরা তরুণীদের আত্মবিশ্বাসী করে তোলার জন্য কাজ করছি। বাংলাদেশে আমরা আমাদের সব কার্যক্রমের ভিত্তি হিসেবে স্বাস্থ্য এবং ইতিবাচক পুষ্টি-এই দুটি বিষয়কে বেছে নিয়েছি, এবং এ দুটি মূল ভিত্তিকে ধিরেই আমরা আমাদের সব কৌশল তৈরি করি। আমরা আমাদের ব্র্যান্ডের সুনামকে কাজে লাগিয়ে সচেতনতা তৈরি করি এবং কার্যকর অংশীদারিত্বের মাধ্যমে একটি স্বাস্থ্যবান ও আত্মবিশ্বাসী বাংলাদেশ গড়ে তোলার কাজ অব্যাহত রাখি।

২০২১ সালে আমরা ৭টি ব্র্যান্ডের আওতায় ৬৪ জেলায় ১৩টি উদ্যোগ চালু করেছি, যার মাধ্যমে ৫ কোটি মানুষের কাছে আমরা পৌঁছে গেছি। পূর্বনির্ধারিত ৫টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) সঙ্গে তাল মিলিয়ে এসব উদ্যোগ পরিচালনা করা হয়েছে।

 brac



লাইফবুয় ও ব্র্যান্ড





স্বাস্থ্য ও সুস্থতা

আমরা বিশ্বাস করি ভোক্তারা আমাদের সকল কাজের কেন্দ্রবিন্দু। তাদের সুস্বাস্থ্য বজায় রাখতে পারলে আমাদের ব্যবসাও টেকসই হবে এবং এর পেছনে ভালো একটি উদ্দেশ্যও থাকবে। প্রথাগতভাবে, বাংলাদেশে ইউনিভিভার তাদের ব্র্যান্ডগুলোর মাধ্যমে স্বাস্থ্যকর ও আত্মবিশ্বাসী জীবনধারার প্রচারণার অগ্রপথিক হিসেবে বিবেচিত এবং পণ্যের গুণগতমান, মূল্য মূল্য ও দেশজুড়ে পণ্য পৌঁছে দেওয়ার মাধ্যমে এ বিষয়টি নিশ্চিত করা হয়। ১৯৮০ সাল থেকেই ইউনিভিভার বাংলাদেশের মানুষের স্বাস্থ্য ও সুস্থতার উন্নয়নে বিভিন্ন প্রকল্পে বিনিয়োগ করতে শুরু করে। তবে ২০১০ সালে ইউনিভিভার সাসটেইনেবল লিভিং প্ল্যান (ইউএসএলপি) চালু করার পর থেকেই মূলত নিয়মতান্ত্রিক ও লক্ষ্যমাত্রা সমৃদ্ধ বিভিন্ন আনুষ্ঠানিক উদ্যোগ শুরু হয়। আমরা আমাদের বিশুদ্ধ পানি ও স্যানিটেশনের উদ্যোগ নিয়ে লাখো মানুষের কাছে পৌঁছেছি এবং আমরা আমাদের শিক্ষামূলক কার্যক্রমগুলোর কারণে স্বাস্থ্যবিধি সম্পর্কে উল্লেখযোগ্য পরিমাণ সচেতনতা বৃদ্ধির প্রমাণ পেয়েছি। আমরা যতটুকু উন্নতি করতে পেরেছি, তা নিয়ে গর্বিত, কিন্তু আমরা এও জানি যে, আরও অনেক কাজ বাকি রয়েছে। আমরা সবার জন্য আরও স্বাস্থ্যবান ও টেকসই একটি পৃথিবী তৈরিতে অঙ্গীকারবদ্ধ।

একটি দায়িত্বশীল ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে ভোক্তাদের জীবনে ইতিবাচক প্রভাব আনা আমাদের জন্য অত্যাবশ্যিক। এ কারণে আমরা ভোক্তাদের মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরণের অভ্যাস তৈরি, তাদের মানসিক সুস্থতা রক্ষা এবং তাদেরকে আত্মবিশ্বাসী করে তুলতে কাজ অব্যাহত রেখেছি। পাশাপাশি, আরও বিশুদ্ধ পানি ও উন্নত স্যানিটেশন ব্যবস্থার জন্যেও আমাদের উদ্যোগ থেমে নেই। ২০২১ সালে আমাদের সবচেয়ে শক্তিশালী ব্র্যান্ডগুলো, অর্থাৎ লাইফবয়, পেপসোডেন্ট, পিওরইট, ডোমেক্র ও ডাভ বিভিন্নভাবে মানুষের মধ্যে সচেতনতা তৈরির প্রচারণায় নিয়োজিত ছিল। এই প্রচারণা শুধু গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়েই সচেতনতা তৈরি করেনি, এটি একই সঙ্গে মানুষকে উদ্বুদ্ধ করেছে স্বতঃপ্রণোদিত হয়ে বিভিন্ন উদ্যোগ হাতে নিতে। আমরা বিশ্বাস করি, যখন একজন মানুষকে তার নিজের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য ক্ষমতায়ন করা হয়, তখন তারা সবার জন্য আরও উন্নত একটি বিশ্ব তৈরি করতে পারে।

স্বাস্থ্য ও সুস্থতা

স্বাস্থ্যবিধি	স্বাস্থ্যসেবা	ওয়াশ	মানসিক সুস্থতা
সচেতনতা এবং অংশীদারিত্ব	অংশীদারিত্ব	সচেতনতা এবং অংশীদারিত্ব	সচেতনতা



হাত ধোয়ার অভ্যাস তৈরি করে জীবন বাঁচানো

ব্র্যান্ড হিসেবে লাইফবয় শিশু মৃত্যুর হার কমাতে অঙ্গীকারবদ্ধ। একই সঙ্গে শিশুদের অসুস্থ হওয়ার প্রবণতা কমিয়ে এনে মায়ের আশ্রয় করার কাজটিও নিষ্ঠার সঙ্গে পালন করে যাচ্ছে এই ব্র্যান্ডটি। ২০২১ এর পুরো সময়টা জুড়ে আমরা জনসচেতনতা, স্কুলে সচেতনতা তৈরি এবং সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করে গেছি। কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের সময় লাইফবয় স্বাস্থ্যবিধি মেনে চলার অভ্যাস গড়ার জন্য প্রচারণা চালিয়ে গেছে, যেটি এ মহামারির সঙ্গে মোকাবিলার অন্যতম গুরুত্বপূর্ণ উপকরণ হিসেবে বিবেচিত।

বাংলাদেশে ডেল্টা ভ্যারিয়েন্টের সংক্রমণ বাড়তে থাকায় সরকার পরিস্থিতিতে নিয়ন্ত্রণে আনার জন্য দেশব্যাপী ‘সাধারণ ছুটি’ ঘোষণা করে। সে সময় সচেতনতামূলক প্রচারণা চালানোর পাশাপাশি সরকার দেশের সব নাগরিককে গণটিকাদান কর্মসূচীর আওতায় আনার দিকে বিশেষ নজর দিয়েছে। বাংলাদেশ সরকারের সব উদ্যোগের পরিপূরক হিসেবে আমরাও ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও হাত ধোয়া নিয়ে প্রথাগত ও ডিজিটাল গণমাধ্যমে বড় আকারের সচেতনতামূলক প্রচারণা চালিয়েছি।

সাবান ও পানি দিয়ে হাত ধোয়া হলো রোগের বিস্তার ঠেকানোর সবচেয়ে কার্যকর পদ্ধতিগুলোর অন্যতম। আমাদের প্রচারণাগুলোতে মানুষকে নিয়মিত হাত ধোয়ার জন্য অনুপ্রাণিত করা হয়েছে। বিশেষত, প্রচুর মানুষের ধরাছোঁয়ার মধ্যে আছে, এরকম কোনো কিছু স্পর্শে আসার পর। আমরা একইসঙ্গে কমপক্ষে ২০ সেকেন্ড ধরে সাবান ও পানি দিয়ে ঠিকমতো হাত ধোয়ার নির্দেশনাও সরবরাহ করেছি। সচেতনতামূলক প্রচারণা চালানোর পাশাপাশি আমরা সাবান ও হ্যান্ড স্যানিটাইজারও বিতরণ করেছি। এ ক্ষেত্রে যাদের প্রয়োজন সবচেয়ে বেশি, তাদেরকে প্রাধান্য দেওয়া হয়েছে। আমাদের এই উদ্যোগগুলো মহামারির বিস্তার প্রতিরোধের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। ২০২১ সালে আমরা আমাদের ব্র্যান্ডের মাধ্যমে সচেতনতামূলক প্রচারণা কার্যক্রমে মোট ২৯ কোটি ৩০ লাখ টাকা খরচ করেছি এবং প্রায় ৯ কোটি ৯৯ লাখ মানুষের কাছে আমাদের বার্তা পৌঁছে দিয়েছি।

“

২০১০ সালে ইউএসএলপি চালু করার পর থেকেই আমরা আমাদের ব্র্যান্ডের ভিশনকে চেলে সাজিয়েছি। এতদিন ব্র্যান্ড হিসেবে লাইফবয়ের পরিচয় ছিল, এটি একটি স্বাস্থ্যসম্মত সাবান। কিন্তু ইউএসএলপি চালুর পর আমরা সারা বিশ্বজুড়ে এই ব্র্যান্ডের দীর্ঘমেয়াদী লক্ষ্যকে নতুন করে সংজ্ঞায়িত করেছি। লাইফবয়ের মাধ্যমে আমরা একটি শিশুর ৫ বছর বয়স পর্যন্ত তার সুস্থ অবস্থায় বেড়ে ওঠা নিশ্চিত করতে চাই। এ ধরনের একটি লক্ষ্য সব ব্র্যান্ড ম্যানেজারকে উদ্দীপিত করে।

মুশফিক উর রাশেদিন

ব্র্যান্ড ম্যানেজার – লাইফবয়
ইউনিভার্সাল বাংলাদেশ

সাপ্লাই চেইন ও কাঁচা মালের সরবরাহ সংক্রান্ত জটিলতা দেখা দেওয়া সত্ত্বেও আমরা দেশের প্রতিটি নাগরিকের জন্য হাত ধোয়ার সহজলভ্য সমাধান নিশ্চিত করার দিকে নজর দিয়েছি। মহামারি মোকাবেলায় সামনের সারিতে থাকা মানুষদের ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি ছিল। কোভিড-১৯ মহামারির শুরুর দিকে ইউনিভার্সাল স্বাস্থ্য অবকাঠামো এবং বিশেষ করে, সামনের সারিতে থাকা কর্মীদের, যারা নিজেদের জীবনকে ঝুঁকিতে ফেলে দেশের মানুষের সুরক্ষা দিচ্ছিলেন, তাদেরকে সহায়তা করার অঙ্গীকার করে। আমরা ২০২১ সালে ডাক্তার, নার্স এবং অন্যান্য সরকারী ও বেসরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোর জন্য বিনামূল্যে হাত ধোয়ার উপকরণ প্রদান করি। পুলিশের প্রতি আমাদের সমর্থন ও সহতি প্রকাশে দেশব্যাপী সাধারণ ছুটির ঘোষণা আসার ৭২ ঘণ্টার মধ্যে ২৩৬ থানায় লাইফবয় ব্র্যান্ডের হ্যান্ড স্যানিটাইজার দ্রুত পাঠানো হয়।





H for HAT HANDWASHING

লাইফবয় বাংলাদেশে
১১ লাখ স্কুল শিক্ষার্থীকে
সঠিক উপায়ে হাতধোয়া শিখিয়েছে



বিশেষ প্রকল্প

হ তে হাত ধোয়া

ইউনিসেফের দেওয়া তথ্য অনুযায়ী, সারা বিশ্বে প্রতি ১০ জন মানুষের মধ্যে ৩ জনের আওতায় সাবান ও পানির মতো নিতপ্রয়োজনীয় উপকরণ নেই। বিশুদ্ধ পানি ও সাবানের অভাবে ডায়রিয়া ও নিউমোনিয়ার মত ভয়াবহ রোগ ছড়িয়ে পড়তে পারে, যেগুলো সারা বিশ্বে শিশু মৃত্যুর নেপথ্যে মূল কারণ। প্রতি বছর, বিশ্বে ৫ বছরের কম বয়সী ৭ লাখ ৮০ হাজার ও ৪ লাখ ৪০ হাজার শিশু যথাক্রমে ডায়রিয়া ও নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে জীবন হারায়। তবে খুব সহজেই এই মৃত্যু এড়ানো যায়। শিশু মৃত্যুর হার কমাতে আমাদেরকে সবার জন্য সাবান ও পরিষ্কার পানির সরবরাহ নিশ্চিত করতে হবে।

লাইফবয়ের একটি অন্যতম গুরুত্বপূর্ণ কার্যক্রম হচ্ছে মানুষের মধ্যে হাত ধোয়ার সুঅভ্যাস ছড়িয়ে দেওয়া। ১৯৯০ সাল থেকে শুরু করে আমরা

আমাদের 'লাইফবয় স্কুল অব ফাইভ' উদ্যোগের মাধ্যমে ১ কোটি ১০ লাখ স্কুলগামী শিশুর কাছে হাত ধোয়ার অভ্যাস পরিবর্তনের এই কার্যক্রম নিয়ে যেতে সক্ষম হয়েছি। শুরুতে একটি সাধারণ হাত ধোয়ার প্রকল্প হিসেবে শুরু হলেও এটি ২০২১ সাল নাগাদ মানুষকে স্বাস্থ্যবিধি মেনে চলতে উদ্বুদ্ধ করা ও এর উন্নয়নের বড় একটি উদ্যোগে রূপান্তরিত হয়।

আন্তর্জাতিক হাত ধোয়া দিবস (জিএইচডি) পালনের উদ্দেশ্যে ২০২০ সালে লাইফবয় 'হ তে হাত ধোয়া' প্রচারণা শুরু করে। এই প্রচারণার মাধ্যমে আমরা গুরুত্বপূর্ণ নীতিনির্ধারক ও প্রভাবশালী ব্যক্তিদের কাছ থেকে সহায়তা পাওয়ার বিষয়টি নিশ্চিত করার চেষ্টা চালাই। এছাড়াও, আমরা সাধারণ জনগণের মধ্যে সচেতনতা তৈরি করতে পেরেছি এবং তাদের কাছ থেকে

যথেষ্ট সহযোগিতা পেয়েছি। আমাদের এ উদ্যোগের দুইটি মূল ভিত্তি ছিল। অ্যাডভোকেসি উইংয়ের কাজ ছিল নীতিনির্ধারণকদের সঙ্গে কাজ করা। অপরদিকে, অ্যামপ্লিফিকেশন উইং ভোক্তাদের সঙ্গে কাজ করেছে। রোগের সংক্রমণ ঠেকাতে লাইফবয় টিম একটি পিটিশন ওয়েব সাইট চালু করেছে, যার মাধ্যমে ‘হ তে হাত ধোয়া’ উদ্যোগের স্বপক্ষে সমর্থন সঞ্চয় করা যায়। প্রতিটি সাক্ষরের বিনিময়ে ৫টি শিশুকে সঠিক পদ্ধতিতে হাত ধোয়া শেখানোর অঙ্গীকার করেছে লাইফবয়। মানুষকে এ প্রচারণায় অংশগ্রহণে অনুপ্রাণিত করতে বাংলাদেশের তারকা ক্রিকেটার ও লাইফবয়ের ব্র্যান্ড অ্যাম্বাসেডর সাকিব আল হাসানের বার্তা ছড়িয়ে দেয় লাইফবয়।

এই প্রচারণার মাধ্যমে আমরা শিশুদের মাঝে হাত ধোয়ার উপকারিতা সম্পর্কে সচেতনতা তৈরির চেষ্টা করেছি, কারণ কোভিড-১৯ মহামারি আমাদেরকে দেখিয়েছে, কীভাবে হাত ধোয়ার মত সহজ একটি কাজ মানুষের জীবন বাঁচাতে পারে। ‘হ তে হাত ধোয়া’ প্রচারণার মাধ্যমে সাবান দিয়ে হাত ধোয়ার বিষয়টি প্রাত্যহিক জীবনের একটি আনুষঙ্গিক অভ্যাসে পরিণত করার প্রচেষ্টা চালানো হচ্ছে। শিশুরা যেভাবে অ আ ক খ শেখে, ঠিক একইভাবে লাইফবয়ের মাধ্যমে ‘হ’ অক্ষরটি চিনিয়ে দেওয়ার ওপর বিশেষ নজর দেওয়া হচ্ছে। এ প্রসঙ্গে লাইফবয় একটি গোলটেবিল আলোচনার আয়োজন করে, যেখানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ দিপু মণি। এছাড়াও ওয়াটার এইড, ব্র্যাক, সেভ দ্যা চিলড্রেন, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, ইউনিসেফ ও বিভিন্ন স্থানীয় ও আন্তর্জাতিক অংশীদারদের প্রতিনিধিরাও সেখানে উপস্থিত ছিলেন। গোলটেবিল আলোচনায় সব অংশীজন ‘হ তে হাত ধোয়া’র বার্তার সঙ্গে নীতিগতভাবে একাত্মতা প্রকাশ করেন।

২০২১ সালেও লাইফবয় এই প্রচারণা অব্যাহত রাখে, কারণ শিশুদের ও তাদের পরিবারকে বার বার মনে করিয়ে দিতে হবে, যে রোগমুক্ত থাকতে সাবান দিয়ে হাত ধোয়ার কোনো বিকল্প নেই। ২০২১ সালের মহামারির পর প্রথমবারের মত যখন শিক্ষার্থীরা স্কুলে ফিরে আসছিলো, তখন আমরা অনুধাবন করি, আবারও সময় এসেছে লাইফবয়ের এই উদ্যোগকে ছড়িয়ে দেওয়ার এবং স্কুলগুলোর সঙ্গে যোগাযোগ স্থাপন করে হাতধোয়ার উপকারিতা সংক্রান্ত প্রচারণা চালানোর। আমাদের ‘হ তে হাত ধোয়া’ উদ্যোগের অংশ হিসেবে ২০২১ এর হাতধোয়া দিবসে আমরা ব্র্যাকের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে ৭০০ স্কুলের সাড়ে ৩ লাখেরও বেশি শিক্ষার্থীদের কাছে প্রচারণা চালাই। শিক্ষকরা হাতেকলমে দেখান, কীভাবে উপযোগিতার সঙ্গে, সঠিক পদ্ধতি অবলম্বন করে হাতের সব অংশ পরিষ্কার করতে হয়।

এছাড়াও, শিশুদের উপযোগী ভাষা ও উপকরণ ব্যবহার করে সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার প্রয়োজনীয়তার কথা বলা হয়।

শিক্ষার্থীরা যেন নিজেদের এবং তাদের পরিবার ও সমাজের সব সদস্যকে সুস্থ রাখতে পারে, সেজন্য লাইফবয় তাদেরকে হাতধোয়ার সঠিক পদ্ধতি শিখিয়েছে। আমাদের লক্ষ্য হচ্ছে এই প্রচারণা উদ্যোগের মাধ্যমে আরও বেশি শিক্ষার্থীদের কাছে পৌঁছানো। সকলের সহযোগিতা পেলে আমাদের উদ্যোগগুলো কোভিড-১৯ এর বিরুদ্ধে চলমান যুদ্ধে টেকসই ও তাৎপর্যপূর্ণ ব্যবধান তৈরি করতে পারবে। শিশুদের অসুস্থতার হার কমিয়ে আনতে লাইফবয় অঙ্গীকারবদ্ধ এবং এ অঙ্গীকারের অংশ হিসেবে আমরা দেশের সব অঞ্চলের সব মানুষের কাছে পৌঁছাতে চাই। আমাদের ‘হ তে হাত ধোয়া’ প্রচারণা প্রত্যন্ত গ্রাম ও মফস্বল অঞ্চলগুলোতে হাত ধোয়ার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য কাজ করে যাচ্ছে। জনসচেতনতা বাড়ানোর মাধ্যমে আমরা বাংলাদেশের শিশুদের স্বাস্থ্যের ওপর ইতিবাচক প্রভাব আনার বিষয়ে অপ্সাবাদী।

“

২০২১ সালে যখন স্কুলগুলো আবারও খুলে গেলো, তখন আমরা অনুধাবন করলাম, স্বল্পতম সময়ের মধ্যে আবারও আমাদের স্কুলের প্রচারণা প্রকল্পগুলো চালু করা প্রয়োজন। গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব গঠনের মাধ্যমে আমরা সর্বোচ্চ সংখ্যক স্কুলে পৌঁছাই এবং শিক্ষার্থীদের ৬টি সহজ ধাপ অনুসরণের মাধ্যমে সঠিক পদ্ধতিতে হাত ধোয়ার শিক্ষা দিতে সমর্থ হই।

নাবিলা জাবিন খান

ক্যাটাগরি হেড এবং বিজনেস টিম লিড, স্কিন ক্লেনজিং
ইউনিলিভার বাংলাদেশ





ফ্লোটিং হোপ

স্বাস্থ্যসেবা একটি মৌলিক অধিকার হওয়া সত্ত্বেও উন্নতমানের চিকিৎসা সেবা প্রাপ্তি বিশ্বের বিভিন্ন অঞ্চলের মানুষের জন্য একটি বড় সমস্যা। বাংলাদেশে সবাই যাতে স্বাস্থ্যসেবা পেতে পারে তা নিশ্চিত করার জন্য লাইফবয় বেস কয়েক দশক ধরে কাজ করছে। নদীমাতৃক বাংলাদেশের উত্তরাঞ্চলের প্রত্যন্ত এলাকায় কিছু চর আছে, যেখানে সড়ক পথে যোগাযোগের ব্যবস্থা নেই বললেই চলে। সেসব এলাকায় ১ কোটিরও বেশি মানুষ থাকে এবং তাদের কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া একটি বড় চ্যালেঞ্জ। লাইফবয়, ফ্রেন্ডশিপ নামের একটি অলাভজনক প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে উত্তরাঞ্চলের এই চরগুলোতে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার প্রকল্প হাতে নিয়েছে। ২০০২ সালে ফ্রান্স থেকে আমদানি করা একটি বজরা নৌকাকে ভাসমান হাসপাতালে রূপান্তরিত করে 'লাইফবয় ফ্রেন্ডশিপ হাসপাতালের' গৌরবময় ইতিহাসের সূচনা হয়। ২০০৩ সালে আনুষ্ঠানিকভাবে এই সেবার উন্মোচন হয়। গত ১৯ বছরে এই ভাসমান হাসপাতালের মাধ্যমে এই প্রত্যন্ত চরগুলোর ৫০ লাখ মানুষের কাছে চিকিৎসা সেবা পৌঁছে দিয়েছে ইউনিলিভার।

এখানে সাধারণ ও মধ্যম পর্যায়ের স্বাস্থ্যসেবা দেওয়া হয়। এর জন্য একটি দক্ষ স্থায়ী চিকিৎসাকর্মী দল নিয়োজিত আছেন। এ দলে সাধারণ চিকিৎসক, চক্ষুরোগ টেকনিশিয়ান, ডেন্টাল টেকনিশিয়ান (ডেন্টাল সার্জনের অধীনে), প্যারামেডিক ও নার্স রয়েছেন। এছাড়াও, প্রায়ই স্থানীয় ও বিদেশী বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে বিশেষায়িত মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়, যেখানে চিকিৎসকরা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সময় দেন। তারা বিভিন্ন জটিল সমস্যার চিকিৎসা দেন, যেমন গাইনি অস্ত্রোপচার, হাড়ে চিড় ধরা, ভ্রূকের সমস্যা, চোখ, নাক, কান ও গলার বিভিন্ন সমস্যা, ইত্যাদি। এই হাসপাতালটি বছরে ৩৬৫ দিনই খোলা থাকে বলা যায়। শুধুমাত্র এক অবস্থান থেকে আরেক অবস্থানে স্থানান্তরের সময় সাময়িক ভাবে সেবাদান বন্ধ থাকে।

লাইফবয় ফ্রেন্ডশিপ হাসপাতাল (এলএফএইচ) একটি স্বয়ংসম্পূর্ণ প্রাথমিক স্বাস্থ্য সেবাকেন্দ্র। এতে কিছু পরিমাণে মধ্যম পর্যায়ের স্বাস্থ্যসেবা সুবিধাও রয়েছে, যেমন ২টি অপারেশন থিয়েটার, একটি প্যাথোলজিকাল ল্যাবরেটরি ও একটি ডিজিটালইজড এক্স-রে কক্ষ। এলএফএইচের দলে ডাক্তার, নার্স ও অন্যান্য মেডিকেল কর্মী আছেন, যারা গাইনী, দাঁত,

চোখ, শিশুরোগ ও জেনারেল মেডিসিন সহ আরও বিভিন্ন ধরনের সেবা দিতে পারেন। চিকিৎসা সেবার পাশাপাশি এলএফএইচ রোগীদের বিনামূল্যে ওষুধ ও স্বাস্থ্য শিক্ষা দিয়ে থাকে, যাতে রোগীরা সচেতন হয়ে নিজেদের সুরক্ষিত রাখতে পারেন। জাহাজটির ধারণক্ষমতা ৩০ জন।

এ যাবত এলএফএইচ চর অঞ্চলের ১৫ লাখেরও বেশি মানুষকে স্বাস্থ্যসেবা দিয়েছে। ২০২১ সালে এ প্রকল্পের ১৯তম বছরে মোট ৪৫ হাজার মানুষ এলএফএইচের চিকিৎসা সেবা গ্রহণ করেছে। ফলে এটি বাংলাদেশের সবচেয়ে কার্যকর ও টেকসই স্বাস্থ্যসেবা উদ্যোগগুলোর একটি হিসেবে নিজেদের তুলে ধরতে পেরেছে।

“

স্বাস্থ্যসেবা লাভ করা মানুষের মৌলিক মানবাধিকার। বাংলাদেশের উত্তরাঞ্চলের নদী তীরবর্তী এলাকার বাসিন্দারা দেশের সবথেকে ঝুঁকিপূর্ণ ও প্রান্তিক জনগোষ্ঠী। জীবন বাঁচানোর প্রতি নিষ্ঠবান হয়ে লাইফবয়, ফ্রেন্ডশিপ ও অন্যান্য অংশীদাররা হাতে হাত মিলিয়ে লাইফবয় ফ্রেন্ডশিপ হাসপাতাল (এলএফএইচ) প্রতিষ্ঠা করেছে। প্রায় ২০ বছর ধরে এলএফএইচ এই প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা ও ওষুধ প্রদান করে আসছে। আমরা সবাই একত্রিত হয়ে এমন কিছু মানুষের জীবনে পরিবর্তন আনার চেষ্টা করছি, যাদের এটা সবচেয়ে বেশী প্রয়োজন।

রুনা খান

প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক
ফ্রেন্ডশিপ

Pepsodent

দাঁতের যত্নের অভ্যাস তৈরিতে প্রতিজ্ঞাবদ্ধ

সব বয়সের মানুষের জন্য দাঁত সংক্রান্ত স্বাস্থ্যবিধি অনুসরণ করা খুবই জরুরী। তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দেওয়া তথ্য অনুযায়ী, বিশ্বে প্রতি দুই জন মানুষের একজন মানুষই কোনো না কোনো ধরনের দাঁতের রোগে আক্রান্ত। এটি খুবই উদ্বেগজনক যে, ২১ শতকে এসেও সারা বিশ্বে দাঁতের ক্ষয় রোগের প্রকোপ এত বেশি এবং এতে শিশু ও প্রাপ্তবয়স্ক, উভয় ধরনের মানুষই সমহারে আক্রান্ত হন। এটি শুধু স্বাস্থ্যবান হাসির প্রতি হুমকি নয়, এর মাধ্যমে অন্যান্য রোগে আক্রান্ত হওয়া ও সার্বিকভাবে আত্মবিশ্বাস কমে যাওয়ার ঝুঁকিও রয়েছে।

পেপসোডেন্টের মূল চালিকাশক্তি হচ্ছে সবার জীবন থেকে দাঁতের রোগ দূর করে মুখে স্বাস্থ্যকর হাসি ফুটিয়ে তোলা এবং এর মধ্যে লুকিয়ে থাকা ইতিবাচক শক্তিকে প্রকাশ করার সুযোগ এনে দেওয়া। আমরা মনে করি শিক্ষা, সচেতনতা ও উন্নতমানের চিকিৎসা সবার মাধ্যমে এই লক্ষ্য অর্জন করা সম্ভব। বাংলাদেশে দাঁত ও মুখ সংক্রান্ত স্বাস্থ্যবিধিতে বৈশ্বিক পরিবর্তন আনার জন্য পেপসোডেন্টের প্রশংসা করা হয়। শিশু ও তাদের অভিভাবকদের দিনে ও রাতে ফ্লোরাইডযুক্ত টুথপেস্ট দিয়ে দাঁত মাজার ব্যাপারে সচেতনতা তৈরিতে পেপসোডেন্টের বিশেষ অবদান রয়েছে। আমাদের এই উদ্যোগের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে দাঁতের চিকিৎসকদের নাম। সামগ্রিকভাবে, দেশের স্বাস্থ্য পরিস্থিতির উন্নয়নে তাদের উদ্যোগকে সহায়তা দেওয়ার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ। আমরা একইসঙ্গে দন্তরোগ বিশেষজ্ঞ সম্প্রদায়কে সহায়তা করছি যাতে মানুষ আরও ভালো করে নিবন্ধিত চিকিৎসকদের সঙ্গে সংযুক্ত হতে পারে।

স্বাস্থ্যবিধি ও চিকিৎসা বিষয়ে সচেতনতা তৈরির জন্য প্রায় ২৫ বছরেরও বেশি সময় ধরে পেপসোডেন্ট বাংলাদেশ ডেন্টাল সোসাইটির (বিডিএস) সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করেছে। বিডিএস হচ্ছে বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান, যেটি বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) অনুমোদিত দন্ত চিকিৎসকদের প্রতিনিধিত্ব করে। ১৯৯৮ সাল থেকে শুরু করে আমরা বিডিএসের সঙ্গে একাত্ম হয়ে সচেতনতা তৈরির জন্য প্রচারণা এবং বিনামূল্যে দাঁতের চিকিৎসার ক্যাম্প পরিচালনা করছি, যেন দেশের মানুষের স্বাস্থ্য পরিস্থিতির উন্নয়ন হয়। ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে ২০২১ উপলক্ষে বিডিএসের প্রায় ৩ হাজার পেশাদার কর্মী বাংলাদেশের জনগণের স্বাস্থ্যবিধি উন্নয়নের অঙ্গীকারে আমাদের সঙ্গে একটি অনলাইন অনুষ্ঠানে যুক্ত হন।

কোভিড-১৯ মহামারির শুরু থেকেই আমরা বোঝার চেষ্টা করেছি, পরিবর্তিত পৃথিবীতে কীভাবে আমরা আমাদের উদ্যোগগুলো অব্যাহত



২,৫০০ শিক্ষার্থী এতে অংশ নেয়

৮টি

স্কুল এতে অংশগ্রহণ করে

রাখবো। আমরা সারা বিশ্ব জুড়ে বিভিন্ন পরিবারের মনোভাব ও আচার আচরণের ওপর গবেষণা চালিয়েছি এবং দন্ত চিকিৎসার সঙ্গে যুক্ত কর্মজীবীদের অভিজ্ঞতা শুনেছি। মানুষের দাঁতের যত্ন নেওয়া ও এ সংক্রান্ত অভ্যাসগুলো কোভিড-১৯ মহামারির কারণে কতটুকু প্রভাবিত বা পরিবর্তিত হয়েছে, তা জানার উদ্দেশ্যেই মূলত এ গবেষণা পরিচালিত হয়। ৮টি দেশে আমাদের এই গবেষণা কার্যক্রম সংঘটিত হয়। দেশগুলো হল, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ইতালি, ফ্রান্স, বাংলাদেশ, মিশর, ঘানা ও ভারত। এই ৮ দেশের মোট ৬ হাজার ৭০০ মানুষ ৩০ মিনিট করে অনলাইন সমীক্ষায় অংশগ্রহণ করেছেন। গবেষণার ফল অনুযায়ী, মহামারির সময়ে ৩১ শতাংশ প্রাপ্তবয়স্ক মানুষ, ৩৩ শতাংশ অভিভাবক ও ৩৫ শতাংশ শিশু দিনে ২ বার করে দাঁত ব্রাশ করা থেকে বিরত ছিল। ২০২১ সালে এ সমস্যা চিহ্নিত হওয়ার পর পেপসোডেন্ট 'ব্রাশউইথমি' নামে একটা প্রচারণা শুরু করে, যার উদ্দেশ্য ছিল পুরো পরিবারের মধ্যে দাঁতের যত্ন নেওয়া এবং উপযুক্ত স্বাস্থ্যবিধি অনুসরণের অভ্যাস আবারও ফিরিয়ে আনা। এছাড়াও, পরিবারের সবাই মিলে একসঙ্গে দাঁত ব্রাশ করার বিষয়টির দিকে বিশেষ নজর দেওয়া হয়, কেননা এটি সবার মাঝে একটি হৃদয়তার সম্পর্ক তৈরি করে পারিবারিক বন্ধনকে আরও দৃঢ় করতে সক্ষম। দাঁত ব্রাশ করার অনেক ধরনের উপকারী দিক রয়েছে এবং আমরা আশা করি, এই প্রচারণা সব অভিভাবকদের মনে করিয়ে দেবে যে নিজেদের এবং তাদের শিশুদের দাঁতের যত্ন নেওয়া একটি গুরুত্বপূর্ণ ও আনন্দদায়ক দায়িত্ব। জ্ঞান, প্রভাব ও উদ্যোগ—এই তিনটি মূল বিষয়ের ওপর নজর দিয়ে এই লক্ষ্যমাত্রা অর্জিত হয়।





৩৩৪ টি
ফ্রি ডেন্টাল ক্যাম্প

১০ লাখ
মানুষের কাছে সেবা পৌঁছেছি

৬৪ জেলায়
মানুষের কাছে পৌঁছেছি

আমাদের প্রবাদপ্রতিম ‘লিটল ব্রাশ বিগ ব্রাশ’ স্কুল প্রকল্প সারা দেশের বিভিন্ন স্কুলে দিনে দুইবার দাঁত ব্রাশ করার প্রয়োজনীয়তা সম্পর্কে শিশুদের মধ্যে সচেতনতা তৈরি করেছে। কোভিড-১৯ মহামারির কারণে স্কুলগুলো বন্ধ ছিল দেখে, আমরা একটা লম্বা সময় জুড়ে সশরীরে শিশুদের কাছে পৌঁছাতে পারিনি। বিকল্প হিসেবে আমরা ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে ২০২১ উপলক্ষে একটি ‘ব্রাশথনের’ আয়োজন করি, যেখানে মহামারির মধ্যে অভিভাবক ও শিশুদের দাঁতের যত্ন নেওয়া অব্যাহত রাখতে উদ্বুদ্ধ করা হয়। প্রায় ৮টি স্কুল থেকে ২ হাজার ৫০০ শিশু অনলাইন ব্রাশথনে যোগ দেয় এবং বিশেষজ্ঞদের উপস্থিতিতে একত্রে দাঁত ব্রাশ করে। বিশেষজ্ঞরা তাদেরকে সঠিকভাবে দাঁত ব্রাশ করার পদ্ধতি সম্পর্কে নির্দেশনা দেন।

সামাজিক যোগাযোগ মাধ্যমের কল্যাণে নতুন প্রজন্মের একদল মানুষ নিজেদেরকে প্রভাবক বা ইনফ্লুয়েন্সারের ভূমিকায় দেখতে পাচ্ছে। এই ডিজিটাল অগ্রদূতরা তাদের দৈনন্দিন জীবনের খুঁটিনাটি ও বিভিন্ন বিষয়ে মতামত সামাজিক যোগাযোগ মাধ্যমে সবাইকে জানিয়ে অনেক ভক্ত ও অনুসারী তৈরি করেছেন। অনেক মানুষের কাছে খুব সহজে পৌঁছে যাওয়া ও মানুষের চিন্তাভাবনাকে প্রভাবিত করার ক্ষমতার কারণে তারা গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতনতা তৈরি করার জন্য খুবই উপযুক্ত। ইনফ্লুয়েন্সারদের এই ক্ষমতার পূর্ণ সদ্ব্যবহার করতে পেপসোডেন্ট তারকা অভিভাবক ও সন্তানদের নিয়ে একটি উদ্যোগ নেয়, যেখানে দেখানো হয় কীভাবে অভিভাবকরা তাদের সন্তানদের স্বাস্থ্যবিধি পালনে উদ্বুদ্ধ করতে পারেন এবং কীভাবে এ ধরনের সুঅভ্যাসের চর্চায় স্বাস্থ্যকর জীবনযাত্রা নিশ্চিত করা যায়। পরিশেষে, পেপসোডেন্ট ও দন্তরোগ বিশেষজ্ঞরা সবার জন্য দাঁতের চিকিৎসা সেবা সহজলভ্য করার অঙ্গীকার করেন। পেপসোডেন্ট ২০০ গ্রামের জার্মিচেক টুথপেস্টের সঙ্গে একটি ফ্রি ডেন্টাল চেকআপ দেয়, যা সারা দেশে জন্য প্রযোজ্য।

দাঁতের ডাক্তাররা আমাদের স্বাস্থ্য সুরক্ষা দিতে এবং হাসি অটুট রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তারা দাঁতের রোগের বিরুদ্ধে প্রতিরোধের ক্ষেত্রে প্রথম সারিতে থেকে কাজ করেন। তবে বাংলাদেশে সহজলভ্যতা ও প্রাপ্তির দিক দিয়ে দাঁতের ডাক্তার ও রোগীদের মধ্যে অনেকখানি ব্যবধান রয়েছে।

এছাড়াও, বিষয়টি আরও জটিল হয়ে উঠেছে, বাংলাদেশে বিডিএসের অনুমোদন পাওয়া ৭ হাজার চিকিৎসকের পাশাপাশি প্রায় ৪০ হাজার অশিক্ষিত ও অধশিক্ষিত হাতুড়ে দন্ত চিকিৎসক আছেন। এসব হাতুড়ে ডাক্তারদের কোনো সরকারি সংস্থার কাছ থেকে অনুমোদন নেই, ফলে তারা অনেকেই অপচিকিৎসার চর্চা করে থাকেন। ফলে বাংলাদেশের মানুষরা বিভিন্ন ধরনের দাঁতের সমস্যায় ভুগতে থাকেন, যেগুলো আদতে খুব সহজেই প্রতিরোধ করা সম্ভব। মানসম্মত দাঁতের চিকিৎসা সহজে পাওয়া যায়- এই ব্যবস্থা তৈরি করে ইউনিলিভার এ ব্যবধান দূর চায়। আমরা বিশ্বাস করি, গর্বিত হওয়ার মত একটি হাস্যোজ্জ্বল মুখ সবার জীবনের মৌলিক চাহিদা ও অধিকার এবং একে বাস্তবায়নের জন্য আমরা আমাদের উদ্যোগ অব্যাহত রাখবো।

দন্ত চিকিৎসক ও সাধারণ মানুষের মধ্যে ব্যবধানগুলো দূর করার অভিযান হাতে নিয়ে ২০২১ সালে সেনসিটিভ এক্সপার্ট বাই পেপসোডেন্ট বিডিএসের সঙ্গে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে বিনামূল্যে ৩৩৪টি ডেন্টাল ক্যাম্পের আয়োজন করে। এসব ফ্রি ডেন্টাল ক্যাম্প সারা দেশজুড়ে আয়োজন করা হয়, যেখানে যেকোনো মানুষ এসে একজন বিডিএস অনুমোদিত দন্ত চিকিৎসকের কাছ থেকে বিনামূল্যে চেকআপ সেবা পেতে পারেন। এই ফ্রি ক্যাম্পগুলোর মাধ্যমে ১০ লাখ মানুষকে অতীব জরুরী সেবা দেওয়া হয়, যাদের অনেকেই এর আগে কখনোই কোনো দাঁতের চিকিৎসকের কাছে যাননি। চেকআপ শেষে সবাইকে বিনামূল্যে এক প্যাকেট ‘সেনসিটিভ এক্সপার্ট’ টুথপেস্ট দেওয়া হয়। এই ক্যাম্পগুলোর মাধ্যমে আমরা নিশ্চিত করেছি, রোগীরা যেন তাদের নিজ নিজ এলাকার দন্ত চিকিৎসকদের সঙ্গে সংযুক্ত হতে পারেন। ফলে, ক্যাম্পের পরেও তারা প্রয়োজনে এই চিকিৎসকদের কাছ থেকে সেবা নিতে পারেন। এই ফ্রি ডেন্টাল ক্যাম্পগুলো শুধুমাত্র অংশগ্রহণকারীদের দাঁতের স্বাস্থ্যের উন্নয়ন ঘটায়নি, একইসঙ্গে রোগী ও চিকিৎসকদের মধ্যে ভরসা ও সংযুক্তি তৈরি করেছে। ফলে পেপসোডেন্টের ফ্রি ডেন্টাল ক্যাম্প সারা দেশের বিভিন্ন সম্প্রদায়ের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে একটি দীর্ঘমেয়াদী ইতিবাচক প্রভাব রেখেছে।

“

দাঁতের ডাক্তাররা আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ কারণ তারা দাঁতের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করেন, যা সার্বিকভাবে স্বাস্থ্য ও সুস্থতার জন্য আবশ্যিক। তবে বাংলাদেশে নিশ্চিতভাবেই যথেষ্ট পরিমাণ দাঁতের চিকিৎসক ও এ সংক্রান্ত সেবার অভাব রয়েছে, বিশেষ করে পল্লী অঞ্চলে। গত বছর আমরা ফ্রি ডেন্টাল ক্যাম্পের মাধ্যমে ১০ লাখ মানুষের কাছে পৌঁছানো। এই উদ্যোগের মাধ্যমে আমরা দাঁতের চিকিৎসার ক্ষেত্রে বিরাজমান সমস্যাগুলোকে দূর করার আশা রাখি।

লায়লা ফারজানা

সিনিয়র ক্যাটেগরি হেড, ওরাল কেয়ার
ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড



২০২১ সালে
২০ লক্ষ
টাকা বিনিয়োগ

৪টি

আন্তর্জাতিক কাউন্সিল

অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে
১৭,৫০,৯৯৮ জন
মানুষের কাছে পৌঁছেছি

২৫ টি

সেমিনার আয়োজিত

সেনসিটিভ এক্সপার্ট বাই পিপসোডেন্টের আওতায় www.bdsdentist.com নামের একটি নতুন প্ল্যাটফর্ম চালু করা হয়েছে, যার মাধ্যমে বিডিএস নিবন্ধিত দাঁতের চিকিৎসকরা সংযুক্ত থাকতে পারেন, সর্বশেষ মেডিকেল জার্নালগুলো পেতে পারেন এবং বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, অধিবেশন ও সেমিনারে অংশগ্রহণ করতে পারেন। ফলে দাঁতের ডাক্তাররা সর্বাধুনিক মেডিকেল প্রক্রিয়া ও প্রযুক্তির বিষয়ে অবগত থাকতে পারেন। এটি রোগীদের সবচেয়ে ভালো মানের সেবা দেওয়ার জন্য অত্যাবশ্যক। এছাড়াও এই প্ল্যাটফর্মের মাধ্যমে দাঁতের ডাক্তার এবং সেবা প্রয়োজন এমন সব রোগীদের মধ্যে যোগাযোগ তৈরি হয় এবং দাঁতের ডাক্তাররা তাদের সহযোগিতায় এগিয়ে আসতে পারেন। অর্থাৎ এই প্ল্যাটফর্মের মাধ্যমে সারা দেশের রোগীরা খুব সহজেই পেশাদার দাঁতের ডাক্তারদের খোঁজ পেতে পারেন। এ পর্যন্ত এই প্ল্যাটফর্মটি ১৮ লাখ রোগীর কাছে পৌঁছেছে। এর মাধ্যমে ২৫টি সেমিনার এবং ৪টি আন্তর্জাতিক কাউন্সিলের আয়োজন করা হয়েছে।

আমরা চাই, দাঁতের চিকিৎসার নামে দেশজুড়ে প্রচলিত অপচিকিৎসার চর্চা পুরোপুরি দূর করে মানুষকে পেশাদার ও দক্ষ দাঁতের ডাক্তার খুঁজে পেতে সহায়তা করা। ২০২১ সালে বিডিএসের সঙ্গে আমরা 'বিডিএস না তো দাঁতের ডাক্তার না' নামের একটি সচেতনতামূলক প্রচারণা চালাই 'সেনসিটিভ এক্সপার্ট বাই পিপসোডেন্টের' তকমায়। এ প্রচারণার উদ্দেশ্য ছিল শুধুমাত্র প্রকৃত যোগ্য ও দক্ষ দাঁতের চিকিৎসকদের মাধ্যমে চিকিৎসা নেওয়ার অভ্যাস গড়ে তোলা। এই প্রচারণায় বিএমডিসিতে নিবন্ধিত দাঁতের ডাক্তারদের কাছে চিকিৎসা নেওয়ার উপকারিতা সম্পর্কে বলা হয়। প্রচারণায় আরও বলা হয় যে শুধুমাত্র ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস) বিষয়ে ডিগ্রি পেলেই কেবল বিএমডিসিতে নিবন্ধন করা যায়।





নিরাপদ স্যানিটেশন একটি অধিকার

সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশ পানি ও স্যানিটেশন সেবার প্রাপ্যতা নিশ্চিত করার দিক দিয়ে প্রশংসনীয় উন্নতি করেছে। ২০১৮ সালে দেশের মোট জনসংখ্যার ৭৪ দশমিক ৮ শতাংশের হাতের নাগালে পানি ও সাবানসহ হাত ধোয়ার জায়গা ছিল। আগের বছরগুলোর তুলনায় একে উল্লেখযোগ্য পরিমাণে উন্নতি হিসেবে বিবেচনা করা যায় এবং এটি সরকারের পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি (ওয়াশ) প্রকল্পের সাফল্যের উজ্জ্বল উদাহরণ হিসেবে উপস্থাপন করা যায়। তবে এ ক্ষেত্রে বাংলাদেশ সবচেয়ে বড় যে সমস্যার মুখোমুখি হচ্ছে, তা হলো পানির গুণগত মান ঠিক রাখা ও উপযোগিতার সঙ্গে মানব বর্জ্যের অপসারণের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য ও সুস্থতা নিশ্চিত করা।

ইউনিলাভারে আমরা বিশ্বাস করি, ভালো স্বাস্থ্যবিধি ও স্যানিটেশন সুবিধা পাওয়া সব মানুষের জন্য মৌলিক অধিকার হিসেবে বিবেচিত হওয়া উচিত। আমরা অনিরাপদ স্যানিটেশন ও দুর্বল স্বাস্থ্যবিধির বিপদ থেকে লাখে লাখে মানুষকে বাঁচাতে পরিষ্কার ও নিরাপদ স্যানিটেশন সুবিধা পেতে কাজ করছি। ওয়াটারএইডের এক গবেষণা অনুযায়ী, ঢাকায় ৫০ লাখ মানুষের জন্য মাত্র ৪৯টি গণশৌচাগার রয়েছে, যার বেশিরভাগই খুবই অস্বাস্থ্যকর। নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা না থাকার কারণে অনেক ধরনের স্বাস্থ্য সংকট দেখা দেয়, যার মধ্যে রয়েছে কলেরা ও টাইফয়েডের মত রোগের সংক্রমণের সম্ভাবনা। এছাড়াও, এটি সার্বিকভাবে পরিবেশকে দূষিত করে এবং পানির মত বিভিন্ন মূল্যবান সম্পদের নিঃশেষকরণের কারণ হয়ে দাঁড়ায়।

ভাগ্য পরিবর্তনের জন্য রাজধানীতে আসা অনেক মানুষ এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বস্তিগুলোই একমাত্র সহজলভ্য আবাসন সমাধান। ফলে প্রায় ২০ লাখ দরিদ্র মানুষ ঢাকার বস্তিগুলোতে বসবাস করছে। বাংলাদেশের একেবারে কেন্দ্রবিন্দুতে এই বিশাল জনগোষ্ঠী বিভিন্ন রোগে ভোগার ঝুঁকিতে রয়েছে, কারণ তাদের ব্যবহারের জন্য পরিষ্কার ও নিরাপদ শৌচাগার নেই। ভূমিজ নামের একটি প্রতিষ্ঠান সারা দেশের প্রান্তিক জনগোষ্ঠীর স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের জন্য কাজ করছে। আমরা তাদেরকে অংশীদার হিসেবে

নির্বাচন করেছি এবং এ প্রকল্পের অর্থায়ন, নকশা প্রণয়ন ও বাস্তবায়নে কাজ করছি। ২০২১ সালে ভূমিজর সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে আমরা ৫টি ভিন্ন ভিন্ন জায়গায় ৬টি আধুনিক ও বহুমুখী ওয়াশ অবকাঠামো তৈরি করেছি। এ ক্ষেত্রে শুধুমাত্র ঢাকাতেই ৩টি ভিন্ন মডেল পরীক্ষা করা হয়েছে। কল্যাণপুর বস্তির বাসিন্দাদের স্যানিটেশন ও স্বাস্থ্যবিধির জন্য ২টি অবকাঠামোও তৈরি করা হয়েছে। বাকি ৪টি অবকাঠামো গুলশান কাঁচাবাজার, মিরপুর ৬ কাঁচাবাজার, মোহাম্মদপুর কৃষি মার্কেট ও মহাখালীতে স্থাপন করা হয়েছে। এই ৬টি ওয়াশ অবকাঠামোতে নিচের ৩টি মডেলের পরীক্ষা চালানো হয়েছে:



মডেল ১
বর্তমান অবকাঠামোর
মানোন্নয়ন



মডেল ২
পুরনো কাঠামোর পরিবর্তে
নতুন শৌচাগার নির্মাণ



মডেল ৩
নতুন অবস্থানে নতুন
শৌচাগার নির্মাণ

এসব ওয়াশ অবকাঠামোর মাধ্যমে প্রতি মাসে ২৬ হাজার ৪৯০ জন নিম্ন আয়ের মানুষ স্বাস্থ্যকর ও নিরাপদ স্যানিটেশন সুবিধা পাচ্ছেন। এই অবকাঠামোগুলোতে উন্নত মানের পৃথক শৌচাগার ও গোসলখানা রয়েছে, এবং নারী ও পুরুষের জন্য আলাদা ব্যবস্থাও রয়েছে এগুলোতে। এছাড়াও, প্রতিবন্ধীদের জন্য বিশেষায়িত শৌচাগার ও গোসলের ব্যবস্থা, নারী ও পুরুষ পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী, ওয়াশিং মেশিন ও খাওয়ার পানির কল, সবাই ব্যবহার করতে পারে এরকম র‍্যাম্প ইত্যাদিও রয়েছে। ওয়াশ সুবিধা ব্যবহারের জন্য একটি ন্যূনতম ফি রয়েছে, যা প্রদান করে যে কেউ এখানকার সব ধরনের সুবিধা ব্যবহার করতে পারেন। সারা শহরের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি সুবিধা দিতে এই অবকাঠামোগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ ৬টি ওয়াশ সুবিধার বাইরেও ইউনিভার্সাল বাংলাদেশের কার্যক্রমের আওতায় ভূমিজ এর আরও ৫টি ওয়াশ সুবিধাকে সহযোগিতা দিয়ে এসেছি।

অন্যদের সঙ্গে কাজ করে আমরা স্যানিটেশনের ওপর আরও প্রভাব তৈরি করতে পারি। স্যানিটেশন বিষয়ে আমরা আমাদের বার্তাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অসংখ্য স্থানীয় ও বৈশ্বিক ব্যক্তি ও সংস্থার সঙ্গে অংশীদারিত্ব তৈরি করেছি, একই সাথে আমাদের বৃহত্তর সমাজকে সেবা দেওয়ার বিস্তৃতিও বাড়িয়েছি। বিশ্ব টয়লেট দিবস উদযাপনের জন্য ডমেক্স, ভূমিজ ও ওয়াটারএইড বাংলাদেশকে নিয়ে ২০২১ এর ১৮ নভেম্বর একটি গোলটেবিল আলোচনার আয়োজন করা হয়। আলোচনায় উপস্থিত ও কার্যকর স্যানিটেশন ব্যবস্থা এবং স্বাস্থ্যবিধির প্রচলনের জন্য বাড়তি সরকারি-বেসরকারি অংশীদারিত্ব তৈরির ওপর জোর দেওয়া হয়, যেটি এসডিজি ৬ এর অন্যতম লক্ষ্য। ডোমেক্সের বিশ্ব টয়লেট দিবসের উদযাপনে পানিবাহীত রোগের বিস্তার ঠেকাতে এবং বিভিন্ন এসডিজি লক্ষ্যমাত্রায় পৌঁছাতে স্বাস্থ্যসম্মত শৌচাগারের ভূমিকার আবশ্যিকতা ও এ বিষয়ে আলোচনার প্রয়োজনীয়তার ওপর বিশেষভাবে আলোকপাত করা হয়।



৫টি
এলাকায়

৩টি
ভিন্ন মডেল

৬টি
ওয়াশ অবকাঠামো

২৬,৪৯০ জন
নিম্ন আয়ের মানুষের কাছে
পৌঁছেছি





সবার জন্য নিরাপদ পানি

ইউনিলিভারে আমরা মনে করি, সবার আয়ত্তের মধ্যে অন্তত একটি নিরাপদ পানির উৎস থাকা উচিত। এটি এক ধরনের মৌলিক অধিকার। পান করার জন্য নিরাপদ পানি মানুষের স্বাস্থ্য সুরক্ষার জন্য আবশ্যিক। প্রতিবছর লাখো মানুষ বিশ্বজুড়ে বিভিন্ন পানিবাহিত রোগে আক্রান্ত হন। নিরাপদ ও বিশুদ্ধ পানির উৎস নিশ্চিত করে এ সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব। ১৯৯০ থেকে ২০১৫ সালের মধ্যে নিরাপদ পানির উৎসের কাছাকাছি আছেন এরকম মানুষের সংখ্যা শতকরা ৬৮ শতাংশ থেকে বেড়ে ৮৭ শতাংশ হয়েছে। তবে এখনও অনেক কাজ বাকি রয়েছে। এ মুহূর্তে বাংলাদেশের সমগ্র জনসংখ্যার মাত্র ৪২ দশমিক ৬ শতাংশ মানুষের কাছে নিরাপদ ও নির্ভরযোগ্য পান করার পানির উৎস আছে। ২০৩০ সালের মধ্যে সমগ্র জনগোষ্ঠীর জন্য নিরাপদ ও সহজলভ্য পানির ব্যবস্থা করার লক্ষ্যমাত্রা হাতে নিয়েছে সরকার। তবে এ ধরনের এসডিজিগুলো অর্জন করতে বেসরকারি খাতকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে এবং বিভিন্ন অংশীজনের সঙ্গে কাজ করে সরকারের উদ্যোগগুলোকে আরও শক্তিশালী করতে হবে। একইসঙ্গে মানুষকে পানির নিরাপদ ব্যবহার ও স্যানিটেশনের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করে তুলতে হবে। শুধুমাত্র একসঙ্গে কাজ করেই আমরা নিশ্চিত করতে পারবো, যে সবার কাছে নিরাপদ পানির উৎস রয়েছে। এখনই সময় উদ্যোগ নেওয়ার এবং সারা বাংলাদেশের মানুষের জন্য নিরাপদ পানি নিশ্চিত করার স্বপ্নকে বাস্তবায়ন করার।

সবার জন্য নিরাপদ পানির উৎসের ব্যবস্থা করার জন্য বিভিন্ন নতুন চিন্তাধারা ও উদ্ভাবন নিয়ে নিরন্তর কাজ করে যাচ্ছে পিওরিটা। ২০২১ এর ফেব্রুয়ারিতে, পিওরিট ও বাংলাদেশ ওয়াটার মাল্টি-স্টেকহোল্ডার্স পার্টনারশিপের (বিডব্লিউ-এমএসপি) ৭ সদস্য সম্মিলিতভাবে তরুণদের জন্য একটি প্রতিযোগিতার আয়োজন করে, যার নাম 'ওয়াটার ইনোভেশন চ্যালেঞ্জ কম্পিটিশন-২০২১ (ডব্লিউআইসিসি ২০২১)'। ডব্লিউআইসিসি-২০২১ চ্যালেঞ্জ প্রতিযোগিতায় ইউনিলিভারের পিওরিটের সঙ্গে সহ-আয়োজক হিসেবে ছিল এটুআই (অ্যাস্পায়ার টু ইনোভেট), ঢাকা ওয়াসা, পরিবেশ অধিদপ্তর (ডিওই), ২০৩০ ওয়াটার রিসোর্সেস গ্রুপ

(২০৩০ ডব্লিউআইসিসি), বাংলাদেশে এসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)।

নাগরিকদের মধ্যে অভ্যাসগত পরিবর্তন আনার জন্য একটি তথ্য ও প্রযুক্তি ভিত্তিক সমাধান খুঁজে বের করাই এই প্রতিযোগিতার লক্ষ্য। এই সমাধান পানির ব্যবহার কমাতে এবং বিভিন্ন শিল্পে পানির ব্যবহার ও পুনঃচক্রায়ণের প্রচলন চালু করতে সাহায্য করবে। প্রতিযোগিতা থেকে পাওয়া সমাধানটি সরকারকে নিরাপদ পানি ও পানির পুনঃচক্রায়ণ অবকাঠামো গড়ে তোলার জন্য প্রয়োজনীয় বিনিয়োগ সিদ্ধান্ত নিতে সহায়তা করবে। এই প্রচারণার মাধ্যমে আমরা ১২০টি বিশ্ববিদ্যালয়ের ৩০০০ জন উৎসাহী উদ্ভাবকের কাছে পৌঁছাতে পেরেছি। প্রতিযোগিতার সময় পুরো মাস জুড়ে ওয়েবিনারের আয়োজন করা হয়। এ ক্ষেত্রে মূল উদ্দেশ্য হচ্ছে যত বেশি সম্ভব তরুণদের সঙ্গে নিয়ে কাজ করে বাংলাদেশের পানি পরিস্থিতির সুরক্ষা ও উন্নয়নের জন্য উদ্ভাবনী সমাধান খুঁজে বের করা।

২০২১ সালে পিওরিট তার ব্র্যান্ড ক্ষমতাকে ব্যবহার করে নিরাপদ পানির বিষয়ে সচেতনতা তৈরির জন্য উদ্ভাবন ও উদ্ভাবনী উদ্যোগকে উৎসাহিত করে। ব্র্যান্ডটি শুধুমাত্র বড় বড় প্রতিষ্ঠানই নয়, 'চাকার স্কুল' এর মত ছোট অংশীদারদের সঙ্গেও কাজ করেছে। এই স্কুলটি এক ধরনের রূপান্তরিত বাসের মাধ্যমে পরিচালিত হয়, যেটি শহরের বিভিন্ন অংশে গিয়ে নিম্ন আয়ের পরিবারের শিশুদের প্রাথমিক শিক্ষা দিচ্ছে। তবে চাকার স্কুল পরিচালনা করার সময় একটি সমস্যা দেখা দেয়, যা হল, বাসের সঙ্গে ঢাকা ওয়াসার পানিকে কোনোভাবে সংযুক্ত করার উপায় নেই। তাদের পানি পরিশোধন সমাধানগুলো সহজে বহনযোগ্য নয় এবং চলন্ত যানবাহনে একে ব্যবহার করা যায় না। এ ক্ষেত্রে পিওরিট সহজে বহনযোগ্য পরিশোধন যন্ত্র নিয়ে আসে, যা একটি উদ্ভাবনী সমাধান হিসেবে বিবেচিত হয়। পিওরিট যন্ত্রগুলো খুব সহজেই বহন করা যায় এবং এতে সক্রিয় পানি সংযোগ প্রয়োজন হয় না, এবং সবচেয়ে বড় কথা হচ্ছে, এর মাধ্যমে দূষিত পদার্থ ও জীবাণুমুক্ত নিরাপদ সুপেয় পানি পাওয়া যায়।

আন্তর্জাতিক কন্যাশিশু দিবস

১১ অক্টোবর ২০২১

কিশোরী-কিশোরদের আত্ম-উন্নয়নে ইতিবাচক পরিবেশের ভূমিকা



Dove



আত্মবিশ্বাসই সৌন্দর্য

মানুষের সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং পরিবেশে এমন অনেকগুলো কারণ থাকে যা মানুষের সুস্থতাকে প্রভাবিত করতে পারে। সৌন্দর্য এবং আত্মবিশ্বাস এমন দুটি বিষয় যা একত্রে কাজ করে। বিশ্বব্যাপী, অর্ধেকেরও বেশি মেয়েরা তাদের শারীরিক গঠন নিয়ে আত্মবিশ্বাসী নয়। যখন মেয়েরা তাদের চেহারা সম্পর্কে ভাল বোধ করে না, তখন তারা গুরুত্বপূর্ণ ও জীবনের ওপর প্রভাব ফেলতে পারে এরকম সিদ্ধান্ত নেওয়া থেকে বিরত থাকে এবং তারা তাদের পূর্ণ সম্ভাবনার সদ্ব্যবহার করতে পারে না। প্রতি ১০ জনের মধ্যে ৭ জন মেয়ে তাদের সিদ্ধান্তে অটল থাকে না এবং ১০ জনের মধ্যে ৮ জন মেয়ে পরিবার এবং বন্ধুদের সঙ্গে দেখা করার বিষয়টি এড়িয়ে যায়। এটা শুধু মেয়েদের জন্যই ক্ষতিকর নয়, সমাজও এ ক্ষেত্রে পরবর্তী প্রজন্মের ভবিষ্যৎ নারী নেত্রীদের হাতছাড়া করতে বাধ্য হয়। এই চ্যালেঞ্জগুলি মোকাবিলা করার জন্য ডাভের সেলফ-এস্টিম প্রজেক্ট (ডিএসইপি) ২০১০ সালের মধ্যে বিশ্বব্যাপী ২৫০ মিলিয়ন তরুণ-তরুণীর কাছে পৌঁছাতে সাহায্য করবে। পরবর্তী প্রজন্মের কাছে তাদের শারীরিক সৌন্দর্যের সঙ্গে একটি ইতিবাচক সম্পর্ক গড়ে তোলা নিশ্চিত করে ডাভের আত্মবিশ্বাস প্রকল্প, যা ডাভের সামাজিক উদ্দেশ্য। এর ফলশ্রুতিতে, তারা তাদের প্রতিভা ও সম্ভাবনার পূর্ণ সদ্ব্যবহার করতে সক্ষম হবে। ডাভ ১৫২টি দেশ জুড়ে বিভিন্ন শিক্ষার টুলস, অংশীদারিত্ব ও রিসোর্সেসের মাধ্যমে তাদের আত্মবিশ্বাস ও ইতিবাচক শারীরিক আত্মবিশ্বাস তৈরিতে সাহায্য করছে।

বাংলাদেশের মোট জনসংখ্যার ৩৬ শতাংশ হলো শূন্য থেকে ১৭ বছর বয়সী শিশুরা। এই বিপুল সংখ্যক শিশুরা আগামী দশকগুলোতে কাজে যোগান করতে এবং ভিশন ২০৪১ এর মতো দেশের জাতীয় লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বাংলাদেশে জাতীয় অগ্রাধিকার হিসেবে তাই শিশুদের মঙ্গল, আত্মসম্মান নিশ্চিত করা এবং তাদের অধিকার সমুন্নত রাখার বিষয়টি বিবেচনা করা উচিত। বাংলাদেশে ইউনিভার্সাল ডাভ সেলফ-এস্টিম প্রজেক্ট চালু করতে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) এবং টিচ ফর বাংলাদেশের (টিএফবি) সঙ্গে অংশীদারিত্ব করেছে। প্রকল্পটি ১১ অক্টোবর

